দৈনিক ইত্তেফাক

তারিখ ...FEB. 24 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫......

১।

# ইসলামী ভার্সিটি উত্তপ্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ছাত্রলীগ কর্মীর উপর শিবিরের হামলা, রাজনৈতিক নিষেধাজ্ঞা ভঙ্গ করিয়া ছাত্রদল ও ছাত্রলীগের মিছিল, ভিসি অফিসে ব্যাপক ভাংচুরসহ কয়েকটি সহিংস ঘটনাকে কেন্দ্র করিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উত্তপ্ত হইয়া উঠিয়াছে। তিনটি পৃথক কারণে গত রবিবার ছাত্রলীগ, ছাত্রদল এবং ছাত্রশিবির প্রশাসন আয়োজিত একুশের অনুষ্ঠান মালা বয়কট করে। ভাইস চ্যান্সেলর প্রফেসর কায়েস উদ্দিনের বিরুদ্ধে ক্যাম্পাসের আইন-শৃংখলা

(১১শ পৃঃ দ্রঃ)

## ইসলামী ভার্সিট

(৩য় পৃঃ পর)

রক্ষা ও শিবিরের সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার অভিযোগে ছাত্রলীগ উক্ত বয়কট কর্মসূচী পালন করে। অপরদিকে ছাত্রদল ও ছাত্রশিবির পৃথকভাবে প্রশাসনের দলীয়করণের প্রতিবাদে একুশের অনুষ্ঠান বয়কট করে। তবে উক্ত ছাত্র সংগঠনগুলি পৃথকভাবে নিজস্ব একুশের কর্মসূচী পালন করে। গত সোমবার নিষেধাজ্ঞা অমান্য করিয়া প্রথমে ছাত্রলীগ ও পরে ছাত্রদল মিছিল সমাবেশ করিলেও প্রক্টোরিয়াল কমিটি নীরব থাকে। উদ্ভূত পরিস্থিতি ভাইস-চ্যান্সেলর প্রক্টোরিয়াল কমিটির সহিত বৈঠক করিয়া ক্যাম্পাস পরিস্থিতি স্বাভাবিক রাখিতে সকলকে কঠোর হওয়ার নির্দেশ দিয়াছেন।

এইদিকে ছাত্রদল আহূত সপ্তাহব্যাপী ছাত্র ধর্মঘটের গতকাল তৃতীয় দিনেও কোনও ক্লাস অনুষ্ঠিত হয় নাই। গত সোমবার ছাত্রদলেরগ মাবেশ হইতে আগামী ২৬ ফেব্রুয়ারী মধ্যে দাবী না মানিলে লাগাতার ধর্মঘট চলিবে বলিয়া ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয়ের এই বছরের ডায়েরী হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য এবং ভিত্তিপ্রস্তর স্থাপনকারী মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামসম্বলিত অংশ বাদ দেওয়ার প্রতিবাদে ও অবিলম্বে উক্ত অংশ সংযোজন করিয়া ডায়েরী প্রকাশ এবং রাজনৈতিক কর্মকাণ্ডে আরোপিত অনির্দিষ্টকালের নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবীতে ছাত্রদল উক্ত ধর্মঘট পালন করিতেছে।